ত্রৈমাসিক

# টেলিযোগাযোগ তথ্য কণিকা

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট নং-ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.btrc.gov.bd

স্মার্ট বাংলাদেশ
Smart Bangladesh

বিটিআরসি কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) [দ্বিতীয় বর্ষ, চতুর্থ সংখ্যা]


পৃষ্ঠা-০২
নিরাপদ ইন্টারনেট বিষয়ক সেমিনার


পৃষ্ঠা-০৪
খাজা টাওয়ারে অগ্নিকান্ড ও নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা


পৃষ্ঠা-০৮
মহান বিজয় দিবস এর আলোচনা সভা


পৃষ্ঠা-০৪
রংপুর বিভাগে ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ

## ঢাকায় দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থার (SATRC) এর ২৪ তম সভা অনুষ্ঠিত

**কাউন্সিল চেয়ারম্যান হিসেবে বিটিআরসি চেয়ারম্যান মহোদয়ের দায়িত্ব গ্রহণ**

**দক্ষিণ এশিয়ার ০৯টি দেশের টেলিযোগাযোগ সংস্থার প্রধানগণের অংশগ্রহণ**







তিন দিনব্যাপী দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থার ২৪তম [24th Meeting of the South Asian Tecommunication Regulators Council (SATRC-24)] আন্তর্জাতিক সম্মেলনের প্রথম দিনে সদস্য দেশসমূহের মতামতের ভিত্তিতে SATRC এর চেয়ারম্যান নির্বাচিত হন বিটিআরসি'র তৎকালীন চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার। তবে কমিশনের বর্তমান চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ মহোদয় গত ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব গ্রহণের পর পদাধিকার বলে SATRC'র পরবর্তী সভা পর্যন্ত সংস্থাটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন।

গত ০৩-০৫ অক্টোবর, ২০২৩ খ্রি.-এ রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) আয়োজিত এ সম্মেলনে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, আফগানিস্তান, মালদ্বীপ ও ইরান তথা দক্ষিণ (২য় পৃষ্ঠায় দেখুন)

## বিটিআরসির নবযোগদানকৃত চেয়ারম্যানের সাথে কর্মকর্তা/কর্মচারীদের মতবিনিময় সভা




বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর সকল কর্মকর্তা/কর্মচারীদের সাথে ফুলেল শুভেচ্ছা ও মতবিনিময় করেন কমিশনের নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌশলী মো: মহিউদ্দিন আহমেদ। রাজধানীর আগারগাঁওস্থ বিটিআরসি ভবনে কমিশনের প্রধান সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিটিআরসি'র চেয়ারম্যান কমিশনের সকল কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ অবস্থান থেকে প্রযুক্তি সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এগিয়ে আসার আহবান জানান। কমিশনের সচিব জনাব মো: নূরুল হাফিজের সঞ্চালনায় শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার ড. মুশফিক মান্নান চৌধুরী, প্রশাসন বিভাগের মহাপরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো: এহসানুল কবীর, স্পেকট্রাম বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, সিস্টেমস্ এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো: খলিল-উর-রহমান। অনুষ্ঠানে বিটিআরসি'র সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

## টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করলেন বিটিআরসির নবযোগদানকৃত চেয়ারম্যান

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করেন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ। শুক্রবার (১৫ ডিসেম্বর) সকালে বঙ্গবন্ধুর সমাধিসৌধ জিয়ারত করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন বিটিআরসি'র স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার ড. মুশফিক মান্নান চৌধুরী, প্রশাসন বিভাগের মহাপরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন, স্পেকট্রাম বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের মহাপরিচালক জনাব আশীষ কুমার কুন্ডুসহ বিটিআরসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। কবর জিয়ারত করে বিটিআরসি চেয়ারম্যান বঙ্গবন্ধুর পবিত্র সমাধির সামনে দাড়িঁয়ে কিছুক্ষণ নীরবতা পালন করেন। পরবর্তীতে দোয়া ও মোনাজাতে অংশ গ্রহণ করেন তিনি।



## প্রধান উপদেষ্টার কথা

প্রতিনিয়ত বিকশিত হচ্ছে টেলিযোগাযোগ খাত। বিশ্বব্যাপী আবির্ভাব ঘটছে নিত্য নতুন উদ্ভাবনী প্রযুক্তির। পরিবর্তনশীল টেলিযোগাযোগ খাতের শৃংখলা রক্ষা, সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণ, রাজস্ব আহরণের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান, কর্মসংস্থান সৃষ্টি এবং টেলিযোগাযোগ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফিজিক্যাল সিকিউরিটি নিশ্চিতে অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন করে কাজ করে যাচ্ছে বিটিআরসি। এছাড়া, মানসম্মত গ্রাহক সেবা নিশ্চিতের পাশাপাশি সুলভে নিরাপদ ও সার্বজনীন টেলিযোগাযোগ সেবা প্রদানে বিটিআরসি বদ্ধপরিকর। বিশ্বের সাথে তাল মিলিয়ে জ্ঞানভিত্তিক, টেকসই ও উদ্ভাবনীর প্রযুক্তির সংযুক্তিতে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দেশের প্রতিটি খাততে ডিজিটালি সমৃদ্ধকরণের লক্ষ্যে ইতোমধ্যে সমন্বিত উদ্যোগ গৃহীত হয়েছে। বিগত সময়ের ধারাবাহিকতায় ২০২৩ সালের ৪র্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) এ বিটিআরসি কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি, কর্মসূচি, অর্জন, সফলতা এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্বলিত "ত্রৈমাসিক টেলিযোগাযোগ তথ্য কণিকা" প্রকাশ করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। টেলিযোগাযোগ খাতের মূল্যবান তথ্যসম্বলিত এই ত্রৈমাসিক পত্রিকাটি প্রকাশনায় যারা নিরলস পরিশ্রম করেছেন তাদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। একই সাথে আমি আশা করি, কমিশনের সকল কর্মকর্তা ও কর্মচারি সততা, দক্ষতা ও আন্তরিকতার সঙ্গে স্বজনপ্রীতি ও দুর্নীতির উর্ধ্বে থেকে নিজ নিজ দায়িত্ব পালন করবেন এবং ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখবেন।

জয় বাংলা।

**প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ**
চেয়ারম্যান, বিটিআরসি।

প্লট নং-ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ থেকে প্রকাশিত। www.btrc.gov.bd [হেল্পলাইন-১০০]

## নিরাপদ ইন্টারনেট বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও অক্টোবর মাস জুড়ে সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি আয়োজন করা হয়। প্রতি বছরের মত এবছরেও দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে বিটিআরসি ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃক যৌথভাবে গত ২১ অক্টোবর, ২০২৩ তারিখে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে "Cyber Security Awareness Day (CSAD 2023)" নামক দিনব্যাপী সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করা হয়। উক্ত সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে কমিশনের সম্মানিত চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার এবং সমাপনী অনুষ্ঠানে সম্মানিত ভাইস চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন। এছাড়া কমিশনের অর্থ হিসাব ও রাজস্ব বিভাগের সম্মানিত কমিশনার ড. মুশফিক মান্নান চৌধুরী (বাকী অংশ ৩য় পৃষ্ঠায় দেখুন)

ত্রৈমাসিক

### টেলিযোগাযোগ তথ্য কণিকা

সম্পাদকীয়

### স্মার্ট বাংলাদেশের জন্য প্রয়োজন টেকসই টেলিযোগাযোগ অবকাঠামো

দেশে টেলিযোগাযোগ খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং যুগোপযোগী করার লক্ষ্যে ৩১ জানুয়ারি ২০০২ এ গঠন করা হয় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। প্রতিষ্ঠার পর থেকে ক্রমান্বয়ে দেশের টেলিযোগাযোগ খাতে শুরু হয় পরিবর্তনের ছোঁয়া। বিটিআরসি কর্তৃক বাস্তবায়িত "বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ প্রকল্প" এর আওতায় গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ভবনের নির্মাণ কাজের সফল সমাপ্তির শেষে প্রতিষ্ঠার ২১ বছর পর কমিশনের নিজস্ব অফিস আইইবি ভবন হতে আগারগাঁও প্রশাসনিক এলাকায় নির্মিত নতুন ভবনে স্থানান্তরিত হয়। গত ২০ আগষ্ট ২০২৩ এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৫ তলাবিশিষ্ট স্থাপত্যশৈলীর অনন্য দৃষ্টিনন্দন এ ভবনটি উদ্বোধন করেন। ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধশালী 'স্মার্ট বাংলাদেশ' গড়ার চালিকাশক্তি হিসেবে কাজ করবে বিটিআরসি। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারি সংস্থাসমূহের সাথে সমন্বয়ের মাধ্যমে গৃহীত হবে কার্যক্রম।

আওয়ামী লীগ ২০০৮ সালের নির্বাচনী ইশতেহারে ডিজিটাল বাংলাদেশ গড়ার যে রূপকল্প ঘোষণা করেছিল, তারই অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের ফলে প্রত্যন্ত গ্রাম পর্যন্ত ইন্টারনেট পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মতো উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে নারী উদ্যোক্তাদের কর্মসংস্থানও নিশ্চিত করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অঙ্গীকার সফলভাবে বাস্তবায়নের পর বাংলাদেশ এখন নতুন কর্মসূচি নিয়ে অগ্রসর হচ্ছে। স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি- এ চারটি মূল ভিত্তি করে ২০৪১ সাল নাগাদ গড়ে উঠবে স্মার্ট বাংলাদেশ। এই দেশ হবে সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী দেশ। স্মার্ট বাংলাদেশ কর্মসূচি বাস্তবায়নের গুরুত্বপূর্ণ ধাপ হচ্ছে টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে ডিজিটাল কানেক্টিভিটির মহাসড়ক নির্মাণ, ডিজিটাল ডিভাইস উদ্ভাবন এবং ডিজিটাল ডিভাইসের সহজলভ্যতা নিশ্চিতকরণ ও উৎপাদন ও রপ্তানি বৃদ্ধি। এরই ধারাবাহিকতায় বিটিআরসি দেশের প্রতিটি মানুষের দোরগোড়ায় উচ্চগতির ডিজিটাল কানেক্টিভিটি নিশ্চিত করতে যুগান্তকারী বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করেছে।

টেলিযোগাযোগ সেবা প্রদানে দূরদর্শী পলিসি বিবেচনায় টেকসই ও উন্নত মহাসড়ক প্রস্তুতকরণ, লাইসেন্সিদের সুশৃঙ্খল ব্যবস্থাপনায় নিয়ে আসা, তরঙ্গের সঠিক বন্টন, ব্যবহার ও মনিটরিং, মানসম্মত গ্রাহক সেবা ও সরকারি/বেসরকারি গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে কোয়ালিটি অব সার্ভিস নিশিতকরণ, অনলাইনে নিরাপত্তা জোরদার, আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংস্থা ও প্রযুক্তি প্রতিষ্ঠানসমূহের সাথে নিবিড় যোগাযোগ, দুর্যোগকালীন জরুরি টেলিযোগাযোগ সেবা প্রদানে কার্যকরী সিস্টেম স্থাপন, টেলিযোগাযোগ যন্ত্রপাতি থেকে নিঃসৃত রেডিয়েশন পর্যবেক্ষণসহ সংশ্লিষ্ট অন্যান্য আধুনিক টেলিযোগাযোগ সেবা প্রদানে বিটিআরসির নতুন ভবন হয়ে উঠুক মানুষের আশা আকাঙ্খার কেন্দ্রবিন্দু।

## ঢাকায় দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থার (SATRC) এর ২৪ তম সভা অনুষ্ঠিত (১ম পৃষ্ঠার পর)



এশিয়ার ০৯টি দেশের টেলিযোগাযোগ বিষয়ক রেগুলেটরি সংস্থার প্রধানসহ অন্যান্য প্রতিনিধিগণ, টেলিকম অপারেটরসমূহের প্রতিনিধিগণ, সরকারি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দ, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট বিশেষজ্ঞসহ ১০০ (একশ) জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। সম্মেলনের উদ্বোধন করেন মহান জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে এশিয়া-প্যাসিফিক টেলিকমিউনিটি'র মহাসচিব Mr. Masanori Kondo বাংলাদেশে SATRC এর ২৪তম আন্তর্জাতিক সম্মেলন যথাযথভাবে আয়োজনের জন্য বিটিআরসি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা সদস্য দেশসমূহের টেলিযোগাযোগ খাতের উন্নয়ন, কর্মপরিকল্পনা নির্ধারণের পাশাপাশি ভবিষ্যত লক্ষ্য নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সৃজনশীল এবং বৈশ্বিক কানেক্টিভিটি প্লাটফর্ম তৈরিতে সদস্যসমূহকে সম্মিলিতভাবে কার্যক্রম গ্রহণের আহবান জানান তিনি।

স্বাগত বক্তব্যে বিটিআরসির চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার বলেন, সদস্য দেশসমূহ পারস্পারিক ক্রমবর্ধমান সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত স্মার্ট বাংলাদেশের চারটি পিলার তথা স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি বাস্তবায়নে সদসদেশসমূহকে সার্বিক সহযোগিতার আহ্বান জানান তিনি। কমিউনিকেশন রেগুলেটরি অথরিটি অব ইরানের পরিচালক আলী রেজা দরবিশি (Alireza Darvishi) বলেন, পরিবর্তিত প্রযুক্তির যুগে ডিজিটাল রূপান্তর একটি বাস্তবতা এবং টেকসই ডিজিটাল ভবিষ্যত গঠনের অন্যতম হাতিয়ার। ডিজিটাল কানেক্টিভিটি বাস্তবায়নে সদস্য দেশসমূহের মধ্যে পারস্পরিক জ্ঞান বিনিময়, বহুপাক্ষিক সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ জানিয়ে তিনি বলেন, টেকসই ডিজিটাল ভবিষ্যত গঠনে টেলিযোগাযোগ খাতের যথাযথ নিয়ন্ত্রণ, অর্থনৈতিক প্রণোদনার পাশাপাশি কৃত্তিম বুদ্ধিমত্তার যুগে জনকল্যাণমূলক আইসিটি রেগুলেটরি ফ্রেমওয়ার্ক নির্ধারণে পলিসি গ্রহণ অত্যন্ত জরুরী।

প্রধান অতিথির বক্তব্যে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, ১৯৯৭ সালে প্রতিষ্ঠার পর থেকে এসএটিআরসি সদস্য দেশসমূহের মধ্যে জ্ঞান বিনিময়, প্রযুক্তিগত উন্নয়ন, টেলিযোগাযোগ খাতের কর্মপরিকল্পনা নির্ধারণ ও টেকসই ডিজিটাল অবকাঠামো বাস্তবায়ন, টেলিযোগাযোগ খাতের নিয়ন্ত্রণ ও উন্নয়ন, টেলিযোগাযোগ খাতে পলিসি গ্রহণ সহ বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে টেকসই ডিজিটাল বাংলাদেশ গঠনের পর স্মার্ট বাংলাদেশের রূপকল্প গ্রহণ করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশ ডেমোগ্রাফিক ডিভিডেন্টের সুবিধা গ্রহণের জন্য তরুণদের প্রযুক্তিগত প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি প্রান্তিক এলাকায় দ্রুতগতির ব্রডব্যান্ড কানেক্টিভিটি নিশ্চিতে কার্যক্রম গ্রহণ করেছে। তিন দিনের সম্মেলনে গৃহীত কর্মপরিকল্পনা দক্ষিণ এশিয়ার উদীয়মান অর্থনীতির দেশসমূহের প্রযুক্তিগত উন্নয়নে ভূমিকা রাখবে বলেও আশাবাদ ব্যক্ত করেন।

বিশেষ অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার বলেন, বাংলাদেশের বিকাশমান রূপান্তরে ক্ষেত্রে SATRC'র এ সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আধুনিক বাংলাদেশ রূপান্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভিত্তি স্থাপন করেছেন উল্লেখ করে তিনি বলেন, বর্তমান সরকার ১৯৯৮ সালে কম্পিউটার প্রযুক্তির ওপর থেকে ভ্যাট তুলে নেওয়ার মাধ্যমে কম্পিউটার প্রযুক্তির ডিজিটাল বিপ্লব শুরু হয়। স্মার্ট বাংলাদেশ অর্জনে ডিজিটাল কানেক্টিভিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে মন্ত্রী বলেন, ডিজিটাল সংযুক্তি বিস্তারের মাধ্যমে স্মার্ট বাংলাদেশের ভিত্তি তৈরি হবে। সম্মানিত অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান বলেন, দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা দক্ষিণ এশিয়ার দেশসমূহের ডিজিটাল কানেক্টিভিটি গড়তে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। বাংলাদেশ সরকারের গৃহীত নানা উদ্যোগের ফলে প্রান্তিক পর্যায়ের মানুষ ডিজিটাল সংযোগ সুবিধা পাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, গোবাল ভিলেজের যুগে কানেক্টিভিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সদস্য দেশসমূহের মধ্যে পারস্পারিক জ্ঞান বিনিময়ের মাধ্যমে একটি সমৃদ্ধশালী ডিজিটাল কানেক্টিভিটি পাটফর্ম গঠনে ভূমিকা রাখবে বলেও জানান তিনি । অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন আফগানিস্তান টেলিকম রেগুলেটরি অথরিটি (এআরটিএ) এর চেয়ারম্যান Mr. S. Barat Shah Nadim, কমিউনিকেশন অথরিটি অব মালদ্বীপ এর প্রধান নির্বাহী কর্মকর্তা Mr. Ilyas Ahmed, নেপাল টেলিকমিউনিকেশন অথরিটি এর চেয়ারম্যান Mr. Purushottam Khanal, পাকিস্তান টেলিকমিউনিকেশন অথরিটি এর চেয়ারম্যান Major General (R) Hafeez Ur Rehman, টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন অব শ্রীলংকা এর মহাপরিচালক Mr. Delana Madhushanka Dissanayake, কমিউনিকেশন রেগুলেটরি অথরিটি অব ইরানের পরিচালক Alireza Darvishi, টেলিকম রেগুলেটরি অথরিটি অব ইন্ডিয়া এর সচিব Mr. V Raghunandan, ভূটান ইনফো কমিউনিকেশন এন্ড মিডিয়া অথরিটি'র পরিচালক Mr. Jigme Wangdi।

সম্মেলনে SATRC এর সহযোগী সদস্য প্রতিষ্ঠান সমূহের মধ্যে আজিয়াটা গ্রুপ বারহাদ, বাংলালিংক ডিজিটাল, গ্রামীণফোন, রবি আজিয়াটা, জিএসএমএ (হংকং) , হুয়াইয়ে টেকনোলজিস, টেলিনর এশিয়া, টেলিনর পাকিস্তান, ইনমারসেট সিংগাপুর, আইটিইউ-এপিটি ফাউন্ডেশন অব ইন্ডিয়া, নোকিয়া সলিউশনস এন্ড নেটওয়ার্কস ইন্ডিয়া এবং থাইল্যান্ডের ন্যাশনাল ইলেক্ট্রনিকস এন্ড কম্পিউটার টেকনোলজি সেন্টার অংগ্রহণ করেছে।

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য APT এবং ITU আঞ্চলিক অফিসের উদ্যোগে ১৯৯৭ সালে South Asian Telecommunication Regulators' Council (SATRC) গঠিত হয়। দক্ষিণ এশিয়ার দেশগুলির টেলিযোগাযোগ নিয়ন্ত্রন সংস্থাসমূহের টেলিকমিউনিকেশন এবং আইসিটি বিষয়ক নীতিমালা ও বিধান প্রনয়ণ সংক্রান্ত পারস্পরিক আলোচনা ও সিদ্ধান্ত সমন্বয় এবং আঞ্চলিক সহযোগিতা ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়াবলী সম্পর্কে কর্মকৌশল নির্ধারণের প্ল্যাটফর্ম হিসেবে SATRC ভূমিকা পালন করে থাকে।

উল্লেখ্য, কমিশনের বর্তমান চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ মহোদয় গত ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব গ্রহণের পর পদাধিকার বলে SATRC'র পরবর্তী সভা পর্যন্ত সংস্থাটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন।

## বিটিআরসি'র সেরা কর্মচারি (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩)



নাম : জনাব ফারহানা ইসলাম
পদবী : ব্যক্তিগত সহকারী
বিভাগ : লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

কমিশনের দৈনন্দিন কর্মকান্ডকে আরো গতিশীল করার লক্ষে চেয়ারম্যান মহোদয় কর্তৃক বিভিন্ন বিভাগের কর্মচারিদের ত্রৈমাসিক কর্মমূল্যায়ন পর্যালোচনা করা হয়। ত্রৈমাসিক কর্মমূল্যায়ন পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা সাপেক্ষে কমিশনের ০২ (দুই) জন কর্মচারিকে 'সেরা কর্মচারি' হিসেবে নির্বাচন করা হয়। বর্ণিত ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) কমিশনের লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের ব্যক্তিগত সহকারী জনাব ফারহানা ইসলাম এবং অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের অফিস সহায়ক জনাব জাহানারা আক্তার কে সেরা কর্মচারি হিসেবে মনোনীত করা হয়। এই কর্মমূল্যায়ন কমিশনের দৈনন্দিন কর্মকান্ডকে আরো গতিশীল করে তুলবে মর্মে চেয়ারম্যান মহোদয় আশাবাদ ব্যক্ত করেন।



নাম : জনাব জাহানারা আক্তার
পদবী : অফিস সহায়ক
বিভাগ : অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ

# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

বিটিআরসি কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক প্রকাশনা
(অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) [দ্বিতীয় বর্ষ, চতুর্থ সংখ্যা]


## প্রশাসন বিভাগ

### ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিটিআরসি'র চেয়ারম্যানের শ্রদ্ধা নিবেদন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ।

১৪ ডিসেম্বর, ২০২৩ সকাল ১১টার দিকে ধানমন্ডি-৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান তিনি। এ সময় উপস্থিত ছিলেন বিটিআরসি'র স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার ড. মুশফিক মান্নান চৌধুরী, প্রশাসন বিভাগের মহাপরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন, কমিশন সচিব জনাব মোঃ নূরুল হাফিজসহ বিটিআরসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। পুষ্পস্তবক অর্পণের পর এই অবিসংবাদিত নেতার প্রতি গভীর শ্রদ্ধা জানাতে বিটিআরসি চেয়ারম্যান সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন।

প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ ২০১৯ সালের ৩০ মে বিটিআরসিতে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অপারেশন্স বিভাগের কমিশনার হিসেবে যোগ দেন এবং ২০২২ সালের নভেম্বর থেকে কমিশনের ভাইস-চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। ২০২৩ সালের ১৪ ডিসেম্বর বিটিআরসি'র চেয়াম্যান নিযুক্ত হন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক এবং পরবর্তীতে ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর (এমবিএ) ডিগ্রি অর্জন করেন।



ছবি: বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিটিআরসি'র চেয়ারম্যানের শ্রদ্ধা নিবেদন

### কমিশনের চেয়ারম্যান ও কমিশনার মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন




গত ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার ও লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের কমিশনার জনাব আবু সৈয়দ দিলজার হোসেন কে কমিশনে চাকুরীর মেয়াদ শেষ হওয়ায় বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। কমিশনের প্রধান সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিটিআরসির নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ স্বাগত বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিটিআরসি'র কমিশনার (স্পেকট্রাম), কমিশনার (অর্থ, হিসাব ও রাজস্ব), ও মহাপরিচালক মহোদয়গণসহ সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কমিশন সচিব জনাব মোঃ নূরুল হাফিজ।

## সিস্টেমস্ এন্ড সার্ভিসেস বিভাগ

### নিরাপদ ইন্টারনেট বিষয়ক সেমিনার অনুষ্ঠান

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এবং বাংলাদেশ ইন্টারনেট গভর্ন্যান্স ফোরাম (বিআইজিএফ) এর যৌথ উদ্যোগে গত ২৩-২৫ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত তিন দিনব্যাপী ১৮তম বাংলাদেশ ইন্টারনেট গভার্নেন্স ফোরাম-২০২৩ বিষয়ক সেমিনার আয়োজন করা হয়। আগারগাঁওস্থ বিটিআরসি নিজস্ব ভবনে গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে বিটিআরসি'র তৎকালীন চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার-এর সভাপতিত্বে উদ্বোধনীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের সিনিয়র সচিব জনাব কে.এম আবদুস সালাম। উক্ত সেমিনারে বিভিন্ন বিষয়ে আলোচনা হয়, তন্মধ্যে উল্লেখযোগ্য বিষয়গুলি হলো Internet Becomes a Human Right in Smart Bangladesh, The Internet We Want Empowering All People in Bangladesh, Bangladesh Women IGF Closing Ceremony, Meaningful Connectivity in Rural Bangladesh, Accountability of Social Media Platform Ges Meaningful & Sustainable Internet Management. তিনদিনব্যাপী সেমিনারে মোট ৮টি সেশনে প্রযুক্তিবিদ, গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, উদ্যোক্তা, টেলিযোগাযোগ খাত সংশ্লিষ্ট অংশীজনসহ সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থার কর্মকর্তাগণ, বাংলাদেশ উইমেন ইন্টারনেট গভর্ন্যান্স ফোরামের প্রতিনিধিবৃন্দ ও বিটিআরসির কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।




(২য় পৃষ্ঠার বাকী অংশ)

### নিরাপদ ইন্টারনেট সেমিনার


সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এবং স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ ও লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের কমিশনার আবু সৈয়দ দিলজার হোসেন অন্যান্য সেমিনার/কারিগরি সেশনে সম্মানিত অতিথি




ছবি: বিটিআরসি ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃক আয়োজিত সেমিনারে আগত অতিথিবৃন্দ

হিসাবে উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারে যে সকল বিষয় নিয়ে আলোচনা হয় তন্মধ্যে উল্লেখযোগ্য হলো Cybersecurity Challenges for Developing Nations, Lets protect our mobile from Hackers, Cyberbullying, Vulnerability and Compromised Software, Cyber Preparedness of Network Systems for the Private and Government Sector Ges Stay Safe in Digital World.

### IPTSP অপারেটরসমূহ কর্তৃক পরিচালিত Over the Top (OTT) সার্ভিসের অ্যাপ ভিত্তিক কলিং পরিষেবার চার্জ হ্রাস



ছবি: সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ কর্তৃক IPTSP অপারেটরের কার্যালয় পরিদর্শন

IPTSP অপারেটরসমূহ কর্তৃক পরিচালিত Over the Top (OTT) সার্ভিসের অ্যাপ ভিত্তিক কলিং পরিষেবার চার্জ ০.৪০ টাকা/ মিনিট হতে হ্রাস করে ০.৩৫ টাকা/ মিনিট নির্ধারণ করে গত ২২ অক্টোবর ২০২৩ তারিখে এ সংক্রান্ত একটি নির্দেশনা জারি করা হয়েছে। এর ফলে গ্রাহক আরো কম রেটে কথা বলতে পারছে এবং এ খাতে কল ভলিউম বৃদ্ধি পাচ্ছে; যার ফলে দেশীয় উদ্যোক্তারা উপকৃত হচ্ছে।

## ডিজিটাল নিরাপত্তা সেলের কার্যক্রম

ডিজিটাল নিরাপত্তা সেল কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যমসমূহে রাষ্ট্রবিরোধী, জননিরাপত্তার জন্য হুমকিস্বরূপ, পর্নোগ্রাফিক কনটেন্ট, অনলাইন বেটিং বা জুয়া খেলা এবং ধর্মীয় বিষয়ে উসকানিমূলক কনটেন্টসহ বিভিন্নরকম আপত্তিকর কনটেন্ট নিয়মিত সনাক্তকরণ এবং অপসারণ/ব্লকের কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া। এসকল আপত্তিকর কনটেন্ট সামাজিক যোগাযোগ মাধ্যমসমূহের প্ল্যাটফর্ম হতে দ্রুততার সাথে অপসারণের ক্ষেত্রে সামাজিক যোগাযোগ মাধ্যম কর্তৃপক্ষসমূহের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক বজায় রাখার লক্ষ্যে সমন্বয় সভা আয়োজন করা হয়। এরই ধারাবাহিকতায় ২০২৩ সালের ৪র্থ প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক, গুগল ও টিকটক এর সাথে সমন্বয় সভা এবং জনসচেতনতামূলক কর্মশালা আয়োজন করা হয়।

## কন্টেন্ট অপসারণ

গত অক্টোবর, ২০২৩ থেকে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত ডিজিটাল নিরাপত্তা সেল কর্তৃক ২৪১ টি পর্নগ্রাফিক ওয়েবসাইট, ১৭২ টি অনলাইন বেটিং বা জুয়া খেলা সংক্রান্ত ওয়েবসাইট এবং বেটিং বা জুয়া খেলা সংক্রান্ত ০৬ টি অ্যাপস বন্ধ করা হয়েছে। এছাড়া ১৫ টি পর্নগ্রাফিক সোশ্যাল মিডিয়া কনটেন্ট এবং ১৮১৫ টি জুয়া খেলা প্রচার, প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ সোশ্যাল মিডিয়া লিংক অপসারণ করা হয়েছে।

## সামাজিক যোগাযোগ মাধ্যমসমূহের সাথে সভা

**ফেসবুক এর সাথে সভাঃ** কমিশনের সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২২ নভেম্বর, ২০২৩ তারিখে বিটিআরসি ও মেটা (ফেইসবুক) এর দক্ষিণ-এশিয়া'র Public Policy প্রতিনিধি দলের সাথে ২০২৩ সালের ৪র্থ প্রান্তিকের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় মহাপরিচালক (এসএস) মহোদয় ফেসবুক প্ল্যাটফর্মে বিদ্যমান আপত্তিকর কনটেন্ট এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকালীন সময়ে জননিরাপত্তা ও রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত করতে পারে এ ধরণের গুজব ও অপপ্রচার সংক্রান্ত কনটেন্টসমূহ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত সভায় সামাজিক যোগাযোগ মাধ্যম কর্তৃপক্ষ মেটা একটি প্রেজেন্টেশন প্রদানের মাধ্যমে তাদের কনটেন্ট অপসারণের কার্যক্রম উপস্থাপন করেন।




চিত্রঃ বিটিআরসি ও ফেসবুক এর মধ্যে অনুষ্ঠিত সভা




চিত্রঃ বিটিআরসি ও গুগল এর মধ্যে অনুষ্ঠিত সভা

**গুগল এর সাথে সভাঃ** গত ২৭ নভেম্বর, ২০২৩ খ্রি: তারিখে অনলাইন প্ল্যাটফর্ম জুম এ কমিশনের মহাপরিচালক (এসএস) মহোদয় এর সভাপতিত্বে বিটিআরসি ও গুগল (ইউটিউব) এর দক্ষিন-এশিয়া'র Public Policy প্রতিনিধি দলের সাথে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় মহাপরিচালক মহোদয় ইউটিউব প্ল্যাটফর্মে বিদ্যমান আপত্তিকর কনটেন্টসমূহ অপসারণ, অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্যাদি আদান-প্রদান এবং অন্যান্য সমসাময়িক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া সভায় গুগল কর্তৃপক্ষ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকালীন সময়ে জননিরাপত্তা ও রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত করতে পারে এ ধরণের গুজব ও অপপ্রচার সংক্রান্ত কনটেন্ট অপসারণের ক্ষেত্রে তাদের কার্য প্রক্রিয়া এবং কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করেন।

**টিকটিক এর সাথে সভাঃ** কমিশনের সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২০ ডিসেম্বর, ২০২৩ তারিখে বিটিআরসির এবং টিকটক কর্তৃপক্ষের মধ্যে অনলাইনে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকালীন সময়ে জননিরাপত্তা ও রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত করতে পারে এ ধরণের গুজব ও অপপ্রচার সংক্রান্ত আপত্তিকর কনটেন্ট দ্রুততার সাথে অপসারণের বিষয় এবং সমসাময়িক বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা হয়। এছাড়া টিকটক কর্তৃপক্ষ নির্বাচনকালীন সময়ে তাদের প্রস্তুতি সংক্রান্ত অন্যান্য বিষয় উপস্থাপন করেন।







চিত্রঃ বিটিআরসি ও টিকটক এর মধ্যে অনুষ্ঠিত সভা

# ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

## মহাখালীর খাজা টাওয়ারে অগ্নিকান্ড ও নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণে বিটিআরসির ভূমিকা



গত ২৬ অক্টোবর খাজা টাওয়ারে অগ্নিকান্ড ঘটে। উক্ত টাওয়ারে বিভিন্ন অপারেটরদের বিদ্যমান টেলিকম যন্ত্রপাতি অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হয়। এছাড়াও ডাটাসেন্টারটিতে বিভিন্ন অপারেটরদের ইন্টারকানেকশন্স ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে সারা দেশে অফনেট কল ব্যাহত হওয়ার সম্ভাবনা দেখা দেয়। সেপ্রেক্ষিতে দুর্ঘটনার দিন বিটিআরসি হতে দ্রুততার সাথে off-net কল চালু রাখার জন্য সংশ্লিষ্ট অপারেটরদের IP Based Inter Connectivity এর মাধ্যমে কল সঞ্চালনের নির্দেশনা প্রদান করা হয়। ফলে দেশে অফনেট কল সমূহ আইপি কানেক্টিভিটির মাধ্যমে সঞ্চালিত হয় দেশের টেলিযোগাযোগ ব্যবস্থা। এছাড়াও দুর্ঘটনার পরদিন গত ২৭/১০/২৩ খ্রিঃ-এ online platform-এ সভার আয়োজনের মাধ্যমে সকল সংশ্লিষ্ট টেলিকম অপারেটরদের IP Based Inter Connectivity ব্যবহার করে আন্তর্জাতিক কল সঞ্চালন সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। এতে করে আন্তর্জাতিক কল সঞ্চালন ব্যবস্থাও সচল থাকে। পরবর্তীতে গত ২/১১/২০২৩ খ্রিঃ বিটিআরসির ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ সকল ইন্ডাস্ট্রির সাথে সার্বিক পরিস্থিতি তদারকির জন্য একটি সভার আয়োজন করে।

## রংপুর ও খুলনা বিভাগে EMF Radiation এর মাত্রা পরিবীক্ষণ কার্যক্রম

সাম্প্রতিককালে টেলিযোগাযোগ যন্ত্রপাতি থেকে নিঃসৃত রেডিয়শেনের প্রভাব সম্পর্কে বিভিন্ন অপব্যাখ্যা ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে দেশের অনেক স্থানে মোবাইল টাওয়ার স্থাপনা বিঘ্নিত হচ্ছে। ফলে এসকল এলাকার জনগণ মানসম্মত টেলিযোগাযোগ সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে। এ প্রেক্ষিতে বিটিআরসি হতে নিয়মিতভাবে EMF Radiation এর মাত্রা পরিবীক্ষণ করা হয়। এ ধারাবাহিকতায় ইএন্ডও বিভাগ হতে দেশব্যাপি ০৮টি বিভাগীয় শহরে মোবাইল টাওয়ারের EMF Radiation পরিবীক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে গত ০৮ অক্টোবর ২০২৩ হতে ১১ অক্টোবর ২০২৩ তারিখে রংপুর ও গাইবান্ধা শহরে এবং গত ২২ নভেম্বর ২০২৩ হতে ২৫ নভেম্বর ২০২৩ তারিখে খুলনা ও যশোর শহরে ইএন্ডও বিভাগের কারিগরি পরিবীক্ষণ দল পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা করে। পরীক্ষালব্ধ তথ্য-উপাত্তের তুলনামূলক বিশ্লেষণ করে দেখা যায় যে, বর্ণিত স্থানসমূহে EMF Radiation পরিবীক্ষণ প্রাপ্ত ফলাফল গ্রহণযোগ্য সীমার চেয়ে অনেক কম রয়েছে এবং উক্ত ফলাফল বিটিআরসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

## সামিট ও বাংলালিংকের টাওয়ার মালিকানা হস্তান্তরের চুক্তি ভেটিং

মোবাইল অপারেটর বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিঃ এর মালিকানাধীন ২০১২ টি সাইটের মালিকানা টাওয়ারকো প্রতিষ্ঠান সামিট টাওয়ারস লিঃ এর নিকট হস্তান্তরের জন্য সম্পাদিত খসড়া চুক্তি বিটিআরসি কর্তৃক ভেটিং করতঃ অনুমোদন প্রদান করা হয়েছে। চুক্তিটি স্বাক্ষরিত হলে তা দেশের টাওয়ারকো খাতে একটি মাইলফলক হবে।



চিত্র ১: রংপুর বিভাগে ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ কার্যক্রম



চিত্র ২: খুলনা বিভাগে ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ কার্যক্রম



# স্পেক্ট্রাম বিভাগ

## বিটিআরসিতে স্পেক্ট্রাম রোডম্যাপ সংক্রান্ত সভা অনুষ্ঠিত



সেলুলার মোবাইল তরঙ্গ যথাযথভাবে বরাদ্দকরণ, নবায়ন করাসহ সার্বিক ব্যবস্থাপনার জন্য স্পেক্ট্রাম বিভাগ হতে একটি ড্রাফট রোডম্যাপ প্রস্তুতের কাজ চলমান রয়েছে। স্পেক্ট্রাম বিভাগের সম্মানিত কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ মহোদয়ের নেতৃত্বে সম্পূর্ণ কার্যক্রম চলমান রয়েছে। যেহেতু, তরঙ্গ একটি অতিমূল্যবান ও সীমিত সম্পদ, তাই অত্যন্ত গুরুত্বের সাথে বিষয়টি বিবেচনা করত: সম্মানিত কমিশনার মহোদয়ের নির্দেশনা মোতাবেক পর্যাপ্ত আলোচনা, পর্যালোচনা করার মাধ্যমে অত্র খাতের দক্ষ ব্যক্তিবর্গদের সমন্বয়ে, বিশেষত, কমিশন ও মোবাইল অপারেটরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ের সম্পূর্ণ কার্যক্রম সম্পাদনের প্রক্রিয়া চলমান আছে। এই বিষয়ে ইতোপূর্বে দফায় দফায় সভা সম্পন্ন হয়। গত ০৯ নভেম্বর ২০২৩ তারিখে মোবাইল অপারেটরদের সাথে Spectrum Roadmap Committee একটি সভা সম্পন্ন করে।

## রেটলিস্ট হালনাগাদকরণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত



চিত্র: রেটলিস্ট হালনাগাদকরণ সংক্রান্ত অভ্যন্তরীণ বিভাগীয় সভা।

কমিশনের স্পেক্ট্রাম বিভাগের নেতৃত্বে রেটলিস্ট হালনাগাদকরণ কমিটি তাদের নিয়মিত কাজ সম্পন্ন করছে। মূলত: রেটলিস্ট এর মাধ্যমে বেতার টেলিযোগাযোগ সংশ্লিষ্ট ইক্যুইপমেন্ট, তরঙ্গ, লাইসেন্স ইত্যাদি সংশ্লিষ্ট ডিমান্ডনোট জারি করা হয় যার মাধ্যমে একজন ব্যবহারকারী হতে সরকারি রাজস্ব আদায় করা হয়। কমিশনের রেটলিস্ট হালনাগাদকরণ কমিটি ইতোপূর্বে বেশ কয়েকটি সভা সম্পন্ন করেছে এবং উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী যথারীতি রেটলিস্টের হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।

## সেলেক্সট্রা লিমিটেড এর অনুকূলে স্থানীয়ভাবে মোবাইলফোন হ্যান্ডসেট সংযোজন/উৎপাদন কারখানা পরিদর্শন

সেলেক্সট্রা লিমিটেড কর্তৃক কমিশন হতে জারীকৃত স্থানীয়ভাবে মোবাইলফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের নির্দেশিকা মোতাবেক স্থাপিত মোবাইলফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদন কারখানা এবং টেস্টিং ল্যাব পরিদর্শন করার অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে গত ২৪/১০/২০২৩ তারিখে ব্রিঃ জেঃ মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, পিএসসি, মহাপরিচালক, স্পেক্ট্রাম বিভাগ মহোদয়ের নেতৃত্বে ০৫ সদস্য বিশিষ্ট পরিদর্শক দল সেলেক্সট্রা লিমিটেড কর্তৃক স্থাপিত কারখানা এবং টেস্টিং ল্যাব পরিদর্শন করে। বর্ণিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় গত ৩০/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশনের ২৭৮তম সভায় সেলেক্সট্রা লিমিটেড এর অনুকূলে "Mobile Phone Handset Manufacturer and Vendor Enlistment Certificate (Category-A)" এর মূল সনদ ইস্যুর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কমিশন সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সেলেক্সট্রা লিমিটেড এর অনুকূলে গত ০৮/১১/২০২৩ তারিখে ০৩ তিন বছর মেয়াদি "Mobile Phone Handset Manufacturer and Vendor Enlistment Certificate (Category-A)" এর মূল সনদ ইস্যু করা হয়।



চিত্র: মহাপরিচালক (এসএম) কর্তৃক সেলেক্সট্রা কারখানা পরিদর্শন

## ক্রস বর্ডার ইন্টারফিয়ারেন্স সংক্রান্ত সভা অনুষ্ঠিত

ভারত-বাংলাদেশের বর্ডারে মোবাইল নেটওয়ার্ক বিষয়ে বিটিআরসি (বাংলাদেশ) ও ডট (ভারত) এর মধ্যকার একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ডট (ভারত), বিটিআরসি (বাংলাদেশ), মোবাইল অপারেটর (ভারত ও বাংলাদেশ)- এর প্রতিনিধিগণ অংশ নেন। বাংলাদেশের প্রতিনিধিরা বিটিআরসি, ঢাকা অফিস হতে এবং ভারতের প্রতিনিধিরা ডট, দিল্লির অফিস হতে জুম এ যুক্ত হয়ে সভা করেন। স্পেক্ট্রাম বিভাগের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বর্ণিত সভাটি সম্পন্ন হয়। দুই দেশ নিজেদের মধ্যে ক্রস বর্ডার ইন্টারফিয়ারেন্স নিরসনে সংশ্লিষ্ট প্রতিনিধিগণ একযোগে কাজ করার ব্যাপারে ঐক্যমত পোষণ করেন এবং তদানুসারে কার্যক্রম চলমান রয়েছে।



চিত্র: বিটিআরসি (বাংলাদেশ), ডট (ভারত), ও এমএনও-দের সমন্বয়ে ইন্টারফিয়ারেন্স নিরসন সভা।

## স্পেক্ট্রাম ম্যানেজমেন্ট সংক্রান্ত সভা অনুষ্ঠিত

কমিশনের স্পেক্ট্রাম বিভাগের গুরুত্বপূর্ণ কাজ গুলোর মধ্যে অন্যতম একটি কাজ হলো স্পেক্ট্রাম ম্যানেজমেন্ট কমিটির সভা। মূলত: এই সভায় সকল লাইসেন্স তরঙ্গ প্রস্তাবনা মোতাবেক যাচাই বাছাই করত: সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে বরাদ্দ প্রদান, বাতিলকরণসহ তরঙ্গ সংশ্লিষ্ট যাবতীয় বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং পরবর্তীতে কমিশনসভায় চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। স্পেক্ট্রাম বিভাগের সম্মানিত কমিশনার মহোদয় বর্ণিত কমিটির আহবায়ক হিসেবে সভা পরিচালনা করে থাকেন। গত ২৮/১১/২০২৩ তারিখে কমিটির ৯৮ তম সভা অনুষ্ঠিত হয়।



# লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

## লিগ্যাল শাখা

### কমিশনের লিগ্যাল শাখার উল্লেখযোগ্য কার্যক্রম

কমিশনের লিগ্যাল শাখা কর্তৃক আইন বিষয়ক সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করাসহ দেশের সর্বোচ্চ আদালত সুপ্রীমকোর্টসহ বিভিন্ন আদালতে কমিশনের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনা এবং কমিশনের নিযুক্ত তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তদন্ত সমাপ্তীয়ান্তে বিজ্ঞ আদালতের তদন্ত প্রতিবেদন দাখিল ও বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, পরিদপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত যাচিত আইনগত মতামত প্রদান করা হয়ে থাকে। তৎপ্রেক্ষিতে, গত তিন মাসের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) কমিশনের লিগ্যাল এন্ড লাইসেন্স বিভাগের লিগ্যাল শাখা সংশ্লিষ্ট প্রকাশযোগ্য গুরুত্বপূর্ণ অগ্রগতি ও অর্জনের সারসংক্ষেপঃ

(১) কমিশনের ২৭৯ তম সভায় আইন উপদেষ্টা হিসেবে "Lex Counsel" এর মেয়াদ আগামী ৩১/১২/২০২৪ পর্যন্ত নবায়ন করা হয়েছে।

(২) সার্টিফিকেট মামলা নং-৫৬২ বিটিআরসি /২০১৭ এ মামলার খাতক প্রতিষ্ঠান জে.এফ অপটিক্যাল সার্ভিসেস লিঃ কর্তৃক বকেয়া পাওনার অংশ হিসেবে ১২/১২/২০২৩ খ্রি. তারিখে বিজ্ঞ আদালতের মাধ্যমে কমিশন বরাবর ১২,০০০.০০ (বারো হাজার) টাকা পরিশোধ করেছেন।



কমিশনের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি সংক্রান্তে মহাপরিচালক (এলএল) মহোদয়ের আলোচনা সভার একটি স্থির চিত্র

(৩) Bangladesh Foreign Trade Institute (BFTI), TCB Bhaban (5th Floor), 1 Karwan Bazar, Dhaka-1215 কর্তৃক আয়োজিত ১৮-২১ এবং ২৪ ডিসেম্বর, ২০২৩ তারিখ মোট (পাঁচ) দিন Training on 'Rules & Procedures for Import and Export' এ জনাব মোঃ মাহবুবুর রহমান, সিনিয়র সহকারী পরিচালক, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ এবং জনাব মোঃ রাকিবুল ইসলাম, সহকারী পরিচালক, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ -কে কমিশন হতে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা হয়। উভয় কর্মকর্তাই উক্ত কোর্সে যথাসময়ে অংশগ্রহণকরতঃ সফলভাবে সম্পন্ন করেন এবং প্রশিক্ষণ শেষে BFTI এর পক্ষ থেকে সনদপত্র লাভ করেন।

(৪) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মামলা লগ ইন সফটওয়্যারে সকল মামলা এন্ট্রি এবং যথাযথভাবে তথ্য হালনাগাদ করণ চালু রয়েছে।

## লাইসেন্সিং শাখা

### নতুন ইস্যুকৃত লাইসেন্স প্রদান

অত্র কমিশনের লাইসেন্সিং শাখা হতে ২৭ টি ক্যাটাগরিতে বিভিন্ন মেয়াদে লাইসেন্স প্রদান করা হয়ে থাকে। ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত কমিশন এর ৩,২৯৯ টি লাইসেন্স বিদ্যমান রয়েছে। জাতীয় আইএসপি, বিভাগীয় আইএসপি, জেলা আইএসপি এবং উপজেলা/থানা আইএসপি লাইসেন্সসহ অন্যান্য লাইসেন্সসমূহের নবায়নসহ বিভিন্ন কার্যক্রম চলমান আছে। নতুন ইস্যুকৃত লাইসেন্স প্রদানের স্থির চিত্রঃ



**চিত্র-১:** মহাপরিচালক (এলএল) এবং পরিচালক (লাইসেন্সিং) সহ অন্যান্য কর্মকর্তাগণের উপস্থিতিতে সরকারি প্রতিষ্ঠান বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর প্রতিনিধির নিকট একটি নতুন জাতীয় আইএসপি লাইসেন্স প্রদান করা হচ্ছে।



**চিত্র-২:** মহাপরিচালক (এলএল) এবং পরিচালক (লাইসেন্সিং) সহ অন্যান্য কর্মকর্তাগণের উপস্থিতিতে বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এর প্রতিনিধির নিকট একটি নতুন ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ (এনআইএক্স) লাইসেন্স প্রদান করা হচ্ছে।

### Online License Issuance and Management System (LIMS)

কমিশনের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং গুণগত মানসম্পন্ন নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে Online License Issuance and Management System (LIMS) চালু করা হয়েছে। উক্ত LIMS (https://lims.btrc.gov.bd/) এর মাধ্যমে বাংলাদেশের যে কোন নাগরিক দেশের যে কোন প্রান্ত/ স্থান হতে কমিশন কর্তৃক প্রদানকৃত বিভিন্ন ধরনের লাইসেন্স/ রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু, নবায়ন, বাতিল ও সংশোধন সংক্রান্ত সেবা গ্রহণের জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবে। Online License Issuance and Management System (LIMS) এর মাধ্যমে গুণগত মানসম্পন্ন নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে কমিশনের পক্ষ থেকে গত ৩০ অক্টোবর, ২০২৩ থেকে ০৫ নভেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



# অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারের পক্ষে সর্বোচ্চ নন-ট্যাক্স রেভিনিউ আহরণ করে আসছে। চলতি অর্থবছর (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) এ কমিশন ৯৫৯.৮৫ কোটি টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬০০.৩৫ কোটি টাকা রাজস্ব আদায় করেছে, যা রাজস্ব আদায়ের ত্রৈমাসিক লক্ষ্যমাত্রার ১৬৭ % বেশি। সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে পর্যায়ক্রমে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানকে মধ্যমেয়াদি বাজেট কাঠামো (Medium Term Budget framework-MTBF) পদ্ধতির আওতায় আনা হয়েছে। এমটিবিএফ পদ্ধতিতে সরকারের নীতি ও উদ্দেশ্য অনুযায়ী বাজেট প্রণয়ন, দক্ষতার সাথে বাজেট বাস্তবায়ন এবং পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনসহ সামগ্রিক বাজেট প্রনয়ণ করার জন্য কমিশনের প্রত্যেক বিভাগ/শাখা হতে প্রতিনিধিগণের সমন্বয়ে কমিশনের বাজেট প্রস্তুতের লক্ষ্যে ইতোমধ্যে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে ২০২৪-২৫ অর্থবছরের আয়/ব্যয় প্রাক্কলন এবং ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য চূড়ান্ত করা হয়েছে।



ছবিঃ ২০২৪-২৫ অর্থবছরে কমিশনের বাজেট প্রনয়ণের লক্ষ্যে অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ কর্তৃক আয়োজিত সভা।

### কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান মহোদয়কে অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের পক্ষ থেকে শুভেচ্ছা প্রদান



ছবিঃ নবযোগদানকৃত চেয়ারম্যান মহোদয়কে অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ হতে শুভেচ্ছা প্রদান।

১৪ ডিসেম্বর ২০২৩ ইং তারিখে প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে চেয়ারম্যান পদে যোগদান করেন। অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার মহোদয়সহ অত্র বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীগণ নবযোগদানকৃত চেয়ারম্যান মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন এবং চেয়ারম্যান মহোদয় আগামীতে স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

## এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট

### এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট হতে ১৮-২০ অক্টোবর, ২০২৩ সময়ে চট্টগ্রামে পরিচালিত পরিদর্শন কার্যক্রম

অভিযোগের ভিত্তিতে গত ১৮-২০/১০/২০২৩ সময়কালে বিটিআরসি'র তিন সদস্যের একটি পরিদর্শন দল চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর আওতাধীন ১৪ নং লালখান বাজারস্থ Plexus Net Limited নামক প্রতিষ্ঠানের অফিস এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন অফিস সরেজমিনে পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে পরিদর্শন দল জিইসি মোড়, ওয়াসার মোড়, লালখান বাজার মোড় টাইগারপাস মোড় ও নার্সারীর মোড় এলাকাগুলোতে Plexus Net Limited এর FTTH (Fiber to the Home) সেবা প্রদানের লক্ষ্যে Fiber lay এর মাধ্যমে NTTN এর অনুরূপ নেটওয়ার্কের অবকাঠামো যেমনঃ ODP/LDP বক্স স্থাপন, Cable আন্ডারপাস করা, Fiber layout করা, বিভিন্ন আবাসিক ও অফিস ভবনে Fiber connection, Distribution box স্থাপন করা অবস্থায় প্রত্যক্ষ করেন। প্রতিষ্ঠানটি চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর অনুমোদনের প্রেক্ষিতে NTTN লাইসেন্স বা অনুমোদনবিহীন Plexus Net Limited নামক প্রতিষ্ঠানের এহেন কার্যক্রমের প্রেক্ষিতে বিটিআরসি'র পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উক্ত স্থাপিত নেটওয়ার্কের কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন, অপসারণ, ক্ষতিসাধন বা লোপাট, রূপান্তর, হস্তান্তর, বিক্রয়/ভাড়া/লীজ বা অন্য কোন ব্যবহার হতে বিরত থাকার জন্য কমিশন থেকে নিষেধাজ্ঞা প্রদান করা হয়েছে এবং NTTN লাইসেন্স বা অনুমোদন ব্যতিরেকে উক্ত নেটওয়ার্ক স্থাপনের জন্য প্রতিষ্ঠানটিকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কারণ দর্শানোর নোটিশের জবাবের প্রেক্ষিতে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।





### নারায়ণগঞ্জে অবৈধ আইএসপি প্রতিষ্ঠান পরিদর্শন

গত ০৭ নভেম্বর, ২০২৩ খ্রিঃ এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট এর একটি পরিদর্শক দল ঢাকার অদূরে নারায়ণগঞ্জ জেলাধীন তারাবো বাজার রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেন। পরিদর্শনকালে পরিদর্শন দলটি কর্তৃক 'কে কে স্যাটেলাইট' নামে একটি লাইসেন্সবিহীন আইএসপি প্রতিষ্ঠানের অবৈধ কার্যক্রম বন্ধ করা হয়। এছাড়া পরিদর্শন দলটি প্রতিষ্ঠানটির ব্যবহৃত ০২(দুই) টি রাউটার, ০১(এক) অনু এবং ওয়েলটি সার্ভার জব্দ করে।





### প্রশাসনিক জরিমানা এবং রাজস্ব

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত, ২০১০) এর বিধিবিধান, সংশ্লিষ্ট গাইডলাইনস ও লাইসেন্সের শর্ত এবং কমিশন কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা লঙ্ঘনের প্রেক্ষিতে কমিশন সভায় গৃহীত সিদ্ধান্ত এবং পূর্বের সিদ্ধান্তের ধারাবাহিকতায় গত ০১/১০/২০২৩ খ্রিঃ হতে ৩১/১২/২০২৩ খ্রিঃ পর্যন্ত সময়কালে TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেটপ্রাপ্ত ০২ টি প্রতিষ্ঠানকে সর্বমোট ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা প্রশাসনিক জরিমানা আরোপ করা হয়েছে। তন্মধ্যে ০১ টি প্রতিষ্ঠানের নিকট কমিশনের বকেয়া রাজস্বের পরিমাণ ১,৮৫,৭২,৩১৬/- (এক কোটি পঁচাশি লক্ষ বাহাত্তর হাজার তিনশত ষোলো) টাকা। এছাড়া ১০টি ISP প্রতিষ্ঠানকে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা এবং ০২টি IPTSP প্রতিষ্ঠানকে সর্বমোট ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা প্রশাসনিক জরিমানা আরোপ করা হয়েছে।

### Self Regulation Barring Process (SRP) এবং Self Regulation (SR) পদ্ধতিতে অবৈধ সিম সনাক্ত ও বন্ধকরণ

বিটিআরসি নির্ধারিত Self Regulation Barring Process (SRP) Logic এবং সংশ্লিষ্ট মোবাইল অপারেটরের নিজস্ব ব্যবস্থাপনায় Self Regulation (SR) Logic সমূহ মোবাইল ফোন অপারেটরগণ পরিচালনা করে থাকে। অবৈধ ভিওআইপি কার্যক্রম রোধকল্পে কমিশনের নির্দেশনায় প্রতিটি মোবাইল অপারেটর প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ের ব্যবধানে কমিশন কর্তৃক নির্ধারিত SRP Logic এবং মোবাইলফোন অপারেটরদের নিজস্ব SR Logic প্রয়োগ করে অবৈধ ভিওআইপি'তে ব্যবহৃত সিম সনাক্ত করে থাকে। কমিশন SRP Logic সমূহ পরিস্থিতি পর্যালোচনা করে তা পরিবর্তন/পরিবর্ধন করে থাকে। এর ফলে অবৈধ ভিওআইপি'তে সিম এর ব্যবহার নিরুৎসাহিত করা হচ্ছে। ২০২৩ সালের অক্টোবর থেকে ডিসেম্বর খ্রিঃ সময়কালে SRP এবং SR পদ্ধতিতে সনাক্ত ও বন্ধকৃত সিমের পরিসংখ্যান নিম্নে প্রদান করা হলোঃ

| মোবাইলফোন অপারেটরের নাম | সময় | | | মোট |
|---|---|---|---|---|
| | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | |
| টেলিটক বাংলাদেশ লিঃ | ১,৩৩৯ | ৫৯৭ | ৪৪৭ | ২,৩৮৩ |
| গ্রামীনফোন লিঃ | ৯,৬৩৩ | ৭,৬৬৫ | ৮২৩ | ১৮,১২১ |
| রবি আজিয়াটা লিঃ | ৮,৭৩৭ | ৮,৮৩১ | ১০,৬৬০ | ২৮,২২৮ |
| বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিঃ | ১৩,১৪৯ | ২৪,৮৬৭ | ৩৯,৭৩৭ | ৭৭,৭৫৩ |


### বাড্ডা এলাকায় আইএসপি প্রতিষ্ঠান পরিদর্শন

গত ১০ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট এর একটি পরিদর্শক দল ঢাকার বাড্ডা এলাকায় পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেন। পরিদর্শনকালে পরিদর্শন দলটি কর্তৃক 'স্যাম অনলাইন' নামে একটি লাইসেন্সপ্রাপ্ত আইএসপি প্রতিষ্ঠান অবৈধভাবে লাইভ টিভি সেবা প্রদান কার্যক্রম পরিচালনা করার জন্য পরিদর্শন দলটি প্রতিষ্ঠানটির লাইভ টিভি সেবা প্রদানে ব্যবহৃত ০২ (দুই) টি সার্ভার জব্দ করে। আইএসপি প্রতিষ্ঠান অবৈধভাবে লাইভ টিভি সেবা প্রদান কার্যক্রম পরিচালনা করার জন্য পরিদর্শন দলটি প্রতিষ্ঠানটির লাইভ টিভি সেবা প্রদানে ব্যবহৃত ০২ (দুই) টি সার্ভার জব্দ করে।




### মিরপুর মডেল থানা এলাকায় অবৈধ ভিওআইপি অভিযান

গত ২৫ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে বিটিআরসি'র ইএন্ডআই ডিরেক্টরেট এর একটি পরিদর্শক দল, RAB-4 এর সহায়তায় ঢাকা মহানগরীর মিরপুর মডেল থানাধীন, কল্যানপুরের রোড নং-১১, বাসা নং-৩৩ এ গোপন তথ্যের ভিত্তিতে অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে বিটিআরসি'র লাইসেন্স/অনাপত্তি পত্র ও প্রয়োজনীয় কারিগরি গ্রহণযোগ্যতা সনদ ব্যতীত অবৈধভাবে টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান স্থাপন করতঃ অবৈধভাবে ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল (VoIP) কার্যক্রম পরিচালনার বিষয়টি উদ্ঘাটিত হয়। অভিযানে অবৈধ VoIP কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট ডিভাইসসমূহ জব্দ করা হয় এবং উক্ত অপরাধের সাথে জড়িত একজনকে আসামী করে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ৩৫(২)/৫৫(৭)/৭৩ ধারায় মিরপুর মডেল থানায় একটি মামলা দায়ের করা হয়।

### শেওড়াপাড়া এলাকায় অবৈধ ভিওআইপি অভিযান

গত ২১ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে বিটিআরসি'র ইএন্ডআই ডিরেক্টরেট এর একটি পরিদর্শক দল, গোয়েন্দা পুলিশের সহায়তায় ঢাকা মহানগরীর পশ্চিম শেওড়াপাড়াস্থ পীরেরবাগে বাসা নং-২৮৫ এ গোপন তথ্যের ভিত্তিতে অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে বিটিআরসি'র লাইসেন্স/অনাপত্তি পত্র ও প্রয়োজনীয় কারিগরি গ্রহণযোগ্যতা সনদ ব্যতীত অবৈধভাবে টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান স্থাপন করতঃ অবৈধভাবে ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল (VoIP) কার্যক্রম পরিচালনার বিষয়টি উদঘটিত হয়। অভিযানে অবৈধ VoIP কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট ডিভাইসসমূহ জব্দ করা হয় এবং উক্ত অপরাধের সাথে জড়িত তিনজনকে আসামী করে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ৩৫(২)/৫৫(৭)/৭৪ ধারায় মিরপুর মডেল থানায় একটি মামলা দায়ের করা হয়।



## টুকরো খবর



জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বিটিআরসি চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ।



বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বিটিআরসি'র নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।




মহান বিজয় দিবস-২০২৩ উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. বিকেলে রাজধানীর আগারগাঁওস্থ বিটিআরসি ভবনের প্রধান সম্মেলন কক্ষে আয়োজিত উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মানিত সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর চেয়ারম্যান প্রকৌ: মো: মহিউদ্দিন আহমেদ এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব ড. শাহজাহান মাহমুদ।



বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড এর চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহজাহান মাহমুদ বিটিআরসি'র নবযোগদানকৃত চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় বিটিআরসি ও বিএসসিএল এর উধ্বর্তন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের তিন শতাধিক অংশগ্রহণকারীদের নিয়ে ঢাকার আশুলিয়াস্থ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ক্যাম্পাসে সাইবার নিরাপত্তা সচেতনতা দিবস উদযাপিত হয়েছে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সহযোগিতায় আয়োজিত দিনব্যাপী কর্মশালায় উপস্থিত ছিলেন বিটিআরসির চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ ও অন্যান্য অতিথিবৃন্দ।



গত ১৪ ডিসেম্বর ২০২৩ ইং তারিখে প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। প্রথম কর্মদিবসে কমিশনের মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং এর পক্ষ থেকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়।


### সম্পাদনা পরিষদ

সম্পাদনায় : জনাব মোঃ নূরুল হাফিজ, সচিব, বিটিআরসি
সহ-সম্পাদনা : জনাব মোঃ জাকির হোসেন খাঁন, উপ-পরিচালক, বিটিআরসি
আলোকচিত্র ও ডিজাইন : জনাব এমরান হোসেন গাজী, আলোকচিত্রী, বিটিআরসি
প্লট নং-ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

### উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা : প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বিটিআরসি।
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।
উপদেষ্টামন্ডলী : প্রকৌশলী শেখ রিয়াজ আহমেদ, কমিশনার, বিটিআরসি।
ড. মুশফিক মান্নান চৌধুরী, কমিশনার, বিটিআরসি।
জনাব মো: আমিনুল হক, কমিশনার, বিটিআরসি।